আজকের কাগজ

তারিখ 25 NOV 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

82

# ইডেন গার্লস কলেজ ছাত্রীসংসদ নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়লাভ করেছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** গতকাল রোববার অনুষ্ঠিত ইডেন গার্লস কলেজ ছাত্রীসংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত প্যানেল সংসদের ১৫টি পদে বিপুল ভোটে জয়লাভ করেছে।

নির্বাচনে ভিপি পদে জয়লাভ করেছেন হেলেন জেরিন খান। তিনি ১৩৬২ ভোট পান। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন ছাত্রলীগের (আ-অ) মনোনীত প্রার্থী রোকেয়া আক্তার রুবি। তিনি ৪৯৮ ভোট পান। জিএস পদে নির্বাচিত হয়েছেন সাইমুন বেগম। তিনি পান ১১৬১ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন ছাত্রলীগ (আ-অ) প্রার্থী ফেরদৌসী বেগম। তিনি পান ৬৬২ ভোট। এজিএস পদে নির্বাচিত হয়েছেন নাসিমা আক্তার নাসিম। তার প্রাপ্ত ভোট ১১৮৭। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন ছাত্রলীগের (আ-অ) প্রার্থী শাহিন রাফিয়া শাইরিন। তার প্রাপ্ত ভোট সংখ্যা ৬২৯